

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৩৭(আগরতলা ১২। ১১)

আগরতলা, ১২ নভেম্বর, ২০২২

ত্রিপুরা ইনফো আয়োজিত মেগা কুইজ প্রতিযোগিতা  
জ্ঞানই এগিয়ে যাওয়ার সবচেয়ে বড় মাধ্যম : মুখ্যমন্ত্রী

রাজ্যের ছাত্রছাত্রীদের মধ্যে মেধার বিকাশ ঘটছে। আজ তারই প্রতিচ্ছবি প্রতিফলিত হয়েছে ত্রিপুরা ইনফো আয়োজিত মেগা কুইজ প্রতিযোগিতায়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আগরতলা টাউনহলে ত্রিপুরা ইনফো ডটকম আয়োজিত মেগা কুইজ প্রতিযোগিতায় বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, জ্ঞানের কোন উপসংহার হ্যনা। জ্ঞানই এগিয়ে যাওয়ার সবচেয়ে বড় মাধ্যম।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও বলেছেন আগামীদিনে প্রতিভার মাধ্যমেই এই পৃথিবী পরিচালিত হবে। যাদের কাছে বেশি প্রতিভা থাকবে তারাই এগিয়ে যেতে সক্ষম হবে। দেশ ও রাজ্য পরিচালনায় তারা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। মুখ্যমন্ত্রী কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য সাফল্য কামনা করেন। ত্রিপুরা ইনফো ডটকম পরিচালিত মেগা কুইজের গরিমা আরও বৃদ্ধির জন্য তিনি শুভেচ্ছা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে ত্রিপুরা ইনফো ডটকমের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর হাতে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে ১০ হাজার টাকার চেক তুলে দেন রাজ্যের বরিষ্ঠ সাংবাদিক শেখর দত্ত ও জয়ন্ত দেবনাথ।

\*\*\*\*\*